No.F.2-1(7)-ESTT/DF/2015
ত্রিপুরা সরকার
খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দফতর

০৬ জুন, ২০১৭

# নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দফতরের পক্ষ থেকে ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে নিম্নলিখিত পদগুলিতে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। শূন্যপদ ও তার বিবরন নিম্নরূপ :-

| ক্রমিক নং | পদের নাম ও শ্রেনী | শূন্যপদ | | | | বেতনক্রম | স্থির মাসিক বেতন (প্রকৃত বেতনক্রম সাময়িক স্থগিত রাখার ভিত্তিতে) |
|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারন | এস সি | এস টি | মোট | | |
| ১ | সাব ইন্সপেক্টর (ফুড) 'গ্রুপ সি' | ০৩ | ০১ | ০২ | ০৬ | পিবি-২, ৫৭০০-২৪০০০, গ্রেড পে-২৮০০/- | ৭৯৭০/- |
| ২ | ফিউমিগেশন অ্যাসিস্টেন্ট 'গ্রুপ সি' | ০২ | - | ০১ | ০৩ | পিবি-২, ৫৭০০-২৪০০০, গ্রেড পে-২৮০০/- | ৭৯৭০/- |
| ৩ | জুনিয়র স্টোর কিপার 'গ্রুপ সি' | ০৬ | ০৪ | ০৩ | ১৩ | পিবি-২, ৫৭০০-২৪০০০, গ্রেড পে-২২০০/- | ৬২৬০/- |

**আবেদন করার যোগ্যতা :**

১) সাব ইন্সপেক্টর (ফুড) :- প্রার্থীকে স্নাতক হতে হবে। বাংলায় জ্ঞান থাকা আবশ্যক।

২) ফিউমিগেশন অ্যাসিস্টেন্ট :- প্রার্থীকে বায়োলজি সহ বিজ্ঞান বিষয়ে অন্তত: দ্বাদশমান উত্তীর্ন হতে হবে এবং তৎসঙ্গে সরকারি বা বেসরকারি সংস্থায় খাদ্যশস্য বা খাদ্যপণ্য মজুত বিষয়ে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
**অথবা,** বায়োলজি, জুলজি, এন্টোমোলজি (পতঙ্গ বিজ্ঞান)-র মধ্যে যে কোন একটি বিষয় নিয়ে বিজ্ঞানে স্নাতক হতে হবে।

৩) জুনিয়র স্টোরকিপার :- প্রার্থীকে দ্বাদশমান উত্তীর্ন হতে হবে। বিজ্ঞান(অঙ্ক)/বানিজ্য বিষয় নিয়ে দ্বাদশ উত্তীন হওয়া বাঞ্ছনীয়। প্রার্থীর কম্পিউটার চালনার জ্ঞান থাকা বাঞ্ছনীয়।

আবেদন করার প্রাক্-শর্ত/নিয়মাবলী :

১) প্রার্থীর বয়স ১লা জুন,২০১৭-তে ন্যুনতম ১৮ কিংবা সর্বোচ্চ ৪০ বৎসর হতে হবে। এস.সি/ এস.টি কিংবা শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৫(পাঁচ) বৎসর শিথিলযোগ্য।

২) আবদেনপত্রের সঙ্গে যা যা কাগজপত্রের স্ব-প্রত্যয়িত জেরক্স কপি দিতে হবে : ক) শিক্ষাগত যোগ্যতার সমস্ত মার্কশিট কিংবা সার্টিফিকেট ইত্যাদি, খ) নাগরিকত্ব/পি.আর.টি.সি, গ) জন্মের তারিখের/বয়সের প্রমানপত্র (যেমন : মাধ্যমিকের এডমিট কার্ড), ঘ) এস.সি/এস.টি সার্টিফিকেট, ঙ) এমপ্লয়মেন্ট কার্ড, চ) রেশনকার্ড, ছ) কম্পিউটার জ্ঞান সংক্রান্ত সার্টিফিকেট, জ) আধারকার্ড (যদি থাকে) ঝ) অন্যান্য যোগ্যতাবলীর ( সাংস্কৃতিক ও ক্রীড়াক্ষেত্রের) প্রমানপত্র ইত্যাদি, ঞ) সংশ্লিষ্ট মহকুমা শাসক কর্তৃক প্রদেয় সর্বমোট পারিবারিক আয়ের সার্টিফিকেট (১লা ডিসেম্বর, ২০১৬-র পূর্বে ইস্যু করা সার্টিফিকেট গ্রাহ্য হবে না)। ট) সাদা কাগজে সুনির্দিষ্ট ফরম্যাটে ঘোষনা পত্র (Self declaration) দিয়ে জানাতে হবে প্রার্থীর পরিবারে কোন সরকারি কর্মচারী আছেন কিনা। উক্ত স্ব-ঘোষনাপত্রের ফরম্যাটটি নিচে দেয়া হল। কোন প্রার্থী এই স্ব-ঘোষনাপত্র এফিডেবিটের মাধ্যমে প্রথম শ্রেনীর জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট কিংবা নোটারি পাবলিক-এর মাধ্যমে সংগ্রহ করেও জমা দিতে পারবেন, যদিও তা বাধ্যতামূলক নয়।

৩) সাদা কাগজে আবেদন করতে হবে 'মাননীয় অধিকর্তা, খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দফতর, ত্রিপুরা সরকার, আগরতলা, ত্রিপুরা' বরাবরে। আবেদনপত্রে এই তথ্যগুলি পরপর দিতে হবে : ক) প্রার্থীর নাম, খ) পিতার/স্বামীর নাম, গ) স্থায়ী ঠিকানা, ঘ) বর্তমান ঠিকানা [সম্পূর্ন ডাক-ঠিকানা/ডাক-পিন নম্বর (আবশ্যিক)] ঙ) সম্পূর্ন শিক্ষাগত যোগ্যতা চ) জন্মের তারিখ, ছ) বয়স (১লা জুন,২০১৭ অব্দি), জ) নাগরিকত্ব , ঝ) এস.টি/এস.সি/সাধারন, ঞ) এমপ্লয়মেন্ট কার্ড নং, ট) রেশন কার্ড নং ও রেশন দোকানের নাম/নম্বর ঠ) মহকুমা, ড) প্রার্থীর পূর্ন স্বাক্ষর/তারিখ/মোবাইল নম্বর (আবশ্যিক, যদি থাকে)।

৪) কোন প্রার্থী যদি একাধিক পদের জন্য আবেদন করেন, তাহলে পৃথক ভাবে আবেদন করতে হবে।

৫) শূন্যপদের সংখ্যা বৃদ্ধি বা হ্রাস পেতে পারে। নিয়োগ সংক্রান্ত এই বিজ্ঞপ্তি এবং প্রক্রিয়া যে কোন কারনে সাময়িক স্থগিত বা বাতিল করা যেতে পারে। দফতর যে কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহন বা বাতিল করতে পারে।

৬) প্রার্থীদের আলাদা করে কল লেটার পাঠানো হবে না। সবগুলি পদের ইন্টারভিউ কেন্দ্রীয় ভাবে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দফতরের অধিকর্তার কার্যালয়, খাদ্য ও ভোক্তা ভবন, পন্ডিত নেহেরু কমপ্লেক্স, গোর্খাবস্তী, আগরতলায় অনুষ্ঠিত হবে । সংবাদপত্রে বিজ্ঞপ্তির মাধ্যমে ইন্টারভিউর দিনক্ষন প্রকাশ করা হবে। পাশাপাশি দফতরের ওয়েবসাইট www.fcatripura.gov.in-ও দেখা যেতে পারে।

৭) আবেদনকারী প্রার্থীরা নিজ নিজ মহকুমায় সংশ্লিষ্ট মহকুমা শাসকের কার্যালয়ে খাদ্য বিভাগে আগামী ১৩ জুন, ২০১৭ থেকে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত (ছুটির দিন ছাড়া) প্রতিদিন বেলা ১১ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত সময়ে আবেদন জমা দিতে পারবেন। আবেদনপত্র জমা দেয়ার বিনিময়ে একটি টোকেন দেয়া হবে, যা যত্ন সহকারে রাখতে হবে এবং ওপেন ইন্টারভিউ গ্রহনের দিন তা দেখাতে হবে।

৮) প্রার্থীরা যে স্ব-ঘোষনা (Self declaration) দেবেন, তার বয়ান নিচে দেয়া হল :

## স্ব-ঘোষনা

আমি, শ্রী/শ্রীমতি.............................., পিতা/স্বামী ............... ঠিকানা................. এতদ্বারা ঘোষনা করছি যে,

(ক এবং খ এর মধ্যে যেটি প্রযোজ্য, তাতে টিক চিহ্ন দিন)

ক) আমার পরিবারের কোন সদস্য/সদস্যা বর্তমানে কোন সরকারী দপ্তরে কর্মরত নেই।

খ) আমার পরিবারের ........ জন সদস্য/সদস্যা বর্তমানে সরকারী দপ্তরে কর্মরত রয়েছেন। আমার পরিবারের সদস্য কিংবা সদস্যা যিনি/যারা সরকারী কর্মচারী হিসাবে কর্মরত আছেন, তাদের বিবরন নিম্নরূপ :-

| নাম | দপ্তর | বর্তমান কর্মক্ষেত্র | সম্পর্ক |
|---|---|---|---|
| | | | |

উপরোক্ত তথ্যগুলো আমি জ্ঞানত: সত্য বলে ঘোষনা করছি/প্রদত্ত তথ্যগুলো অসত্য প্রমানিত হলে আমার চাকুরীচ্যুতি হতে পারে এবং আমার বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা ও নেওয়া যেতে পারে।

স্বাক্ষর

(তারিখ সহ)
ঠিকানা :..........

দুইজন স্বাক্ষীর পুরোনামের স্বাক্ষর (তারিখ সহ)
১)
২)

৯) ওপেন ইন্টারভিউর দিন প্রত্যেক প্রার্থীকে সমস্ত কাগজপত্রের অরিজিন্যাল কপি দেখাতে হবে। আবেদনপত্র গ্রহন এবং পরবর্তী সময়ে ইন্টারভিউ গ্রহনের দিনক্ষন কোন প্রার্থীর ক্ষেত্রেই নির্দিষ্ট ঘোষিত সময়সীমার পরে কোন ভাবে গ্রাহ্য করা হবে না।

১০) ওপেন ইন্টারভিউ গ্রহন করা হবে রাজ্য সরকারের সাধারন প্রশাসন (কর্মীবর্গ ও প্রশিক্ষন) দফতরের সংশ্লিষ্ট সময়ে কার্যকরী সাধারন নিয়োগনীতি অনুযায়ী ।

অধিকর্তা
খাদ্য, জনসংভরন ও
ক্রেতাস্বার্থ বিষয়ক দফতর,
ত্রিপুরা, আগরতলা